

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২২.৩

তারিখ: ১৮ পৌষ ১৪২৯

০২ জানুয়ারি ২০২৩


বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশনসমূহ (১১৯৯৪/২০২২ এবং ১৩৫৮৩/২০২২)  
পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ চূড়ান্ত বরখাস্তের সুপারিশ পুনঃবিবেচনা এবং ম্যানেজিং কমিটির আদেশ/সিদ্ধান্ত বাতিল ঘোষণাসহ প্রধান শিক্ষকের বকেয়া বেতন-ভাতাদিসহ চাকরিতে পুনর্বহালকরণের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	মামলা পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়			
১.	১১৯৯৪/২০২২	জনাব মোঃ খসরু মিয়া, সহকারী শিক্ষক (জীববিজ্ঞান), তেজখালী, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া-এর চূড়ান্ত বরখাস্তের সুপারিশ পুনঃবিবেচনা সংক্রান্ত।	জনাব মোঃ খসরু মিয়া, সহকারী শিক্ষক (জীববিজ্ঞান), তেজখালী, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লাসহ মোট ০৮(আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
২.	১৩৫৮৩/২০২২	লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন "রামপুর উচ্চ বিদ্যালয়" এর প্রধান শিক্ষক জনাব মো: জসিম উদ্দিনের বরখাস্ত/অপসারণের বিষয়ে ম্যানেজিং কমিটির আদেশ/সিদ্ধান্ত বাতিল ঘোষণাসহ উক্ত প্রধান শিক্ষকের বকেয়া বেতন-ভাতাদিসহ চাকরিতে পুনর্বহালকরণ সংক্রান্ত।	জনাব দেলওয়ার হোসেন, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, রামপুর উচ্চ বিদ্যালয়, সদর, লক্ষ্মীপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লাসহ মোট ০৯(নয়) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশনসমূহ (১১৯৯৪/২০২২ এবং ১৩৫৮৩/২০২২) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাগুলো ডাটা বেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

চেয়ারম্যানের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২২.৩/১(৩)

তারিখ: ১৮ পৌষ ১৪২৯

০২ জানুয়ারি ২০২৩

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



২-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব